



"শেখ হাসিনার উদ্যোগ -ঘরে ঘরে বিদ্যুৎ"

## গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি GAIBANDHA PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর  
তুলসীঘাট, গাইবান্ধা  
মোবাইল নং ০১৭৬৯৪০০০৩০  
E-mail : gbndhapbs@yahoo.com  
Website : www.gaibandhapbs.org.bd

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫২৩.০৩.০০১.১৮.৬২০৪

তারিখ - ২৩ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ।  
০৮ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ।

### বিষয়:- আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতির ক্যাশিয়ার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত পদোন্নতির যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম:- ক্যাশিয়ার


যোগ্যতা:-আগ্রহী প্রার্থীদের সংশ্লিষ্ট সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশসহ স্বহস্তে লিখিত পূর্ণ জীবন বৃত্তান্ত সম্বলিত আবেদনপত্র, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রসিদ ছবি, সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক বাপবিবো কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল কচাঙ্গপত্র ও ছবি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে) বিনা আপত্তির সনদপত্র, বর্তমানে কোন প্রশাসনিক ব্যবস্থা/তদন্ত প্রক্রিয়াধীন আছে কি না এবং সর্বশেষ ০৫(পাঁচ) বছরের মধ্যে কোনরূপ দন্ড থাকলে তা সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্রসহ আগামী ০৮/১০/২০১৮ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা) স্ব-শরীরে সম্মুখকর প্রদানের নিমিত্ত উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকা গাইবান্ধা সদর, পলাশবাড়ী,গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে), সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে লঘু দন্ড, সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড, বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে একের অধিক বার গুরুদন্ড, বিগত ০৪(চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড, বিগত ০৩(তিন)বছরের মধ্যে একের অধিক বার লঘুদন্ড এবং পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয় নাই, বর্তমানে বিভাগীয় তদন্ত/ফৌজদারী মামলা চলমান নাই সহ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার প্রদত্ত বিনা আপত্তির সনদপত্র দাখিল করতে হবে।
- ০৩। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্তের সম্পর্কীয় প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৪। (ক) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের পদ বিবরণী তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।  
(খ) পদোন্নতির বিষয়ে পবিস নীতি নির্দেশিকা ৩০০-২৪ এর বিধান ও শর্তাবলী পূরণ করতে হবে।  
(গ) সর্বশেষ ০৩(তিন) বৎসরের কর্মমূল্যায়ন রেটিং নূন্যতম ৩.৫০ হতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।  
(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নিধারিত প্রশিক্ষণ কোর্সে উত্তীর্ণ হতে হবে।  
(ঙ) পদোন্নতির জন্য সংশ্লিষ্ট তত্ত্বাবধানকারী কর্মকর্তা/বিভাগীয় প্রধান এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
- ০৫। কোন তথ্য গোপন পূর্বক পদোন্নতি গ্রহন করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সরাসরি তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে।
- ০৬। বাপবিবোর্ড এবং পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার ও নির্দেশিকা অনুযায়ী চাকুরী পরিচালিত হবে।




- ০৭। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।  
০৮। নির্বাচনী সম্বন্ধে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
(মোঃ পিনা উল্লাহ)  
জেনারেল ম্যানেজার

অনুলিপি:- সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।  
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস ম: ও ব্য: প:(উ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।  
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।  
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পল্লী বিদ্যুৎ সমিতি-১/২/৩/৪।  
০৫। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।  
০৬। ডিজিএম (বোনারপাড়া/গোবিন্দগঞ্জ/সদর দপ্তর-কারিগরী), গাপবিস।  
০৭। এজিএম (প্রশাসন/সদস্য সেবা/অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম), গাপবিস।  
০৮। নোটিশ বোর্ড, গাইবান্ধা পবিস।

  
জেনারেল ম্যানেজার  
